

# রেজিস্ট্রার

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-৪৩৩১  
 ফোন : পিএবিএক্স ০২৩৩৪৪৬০৭৬৫-৭৪  
 : ০২৩৩৪৪৬০৭৭৯-৯১  
 এক্সটেন-অফ : ৪২০১  
 ফ্যাক্স : ০২৩৩৪৪৬০৭৭৮  
 ই-মেইল : registrar@cu.ac.bd  
 মোবাইল ফোন :

# Registrar

University of Chittagong, Chattogram-4331  
 Phone : PABX 02334460765-74  
 : 02334460779-91  
 Extn-Off. : 4201  
 Fax : 02334460778  
 E-mail : registrar@cu.ac.bd  
 Mobile Phone :

স্মারক নম্বর: জি-১২৩(বি-১৫)/সা. প্রশা./২০২৬/৫৬৭৮

তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
 ০৪ মে ২০২৬ খ্রিস্টাব্দ

--:অফিস আদেশ:-

সূত্র: জি-১২৩(বি-১৫)/সা. প্রশা./২০২৫/২৭৬৯, তারিখ: ১১ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ  
 ২৪ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ


জি-১২৩(বি-১৫)/সা. প্রশা./২০২৬/৩৯৫০, তারিখ: ১৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
 ৩০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

উপরোল্লিখিত সূত্রের অনুবৃত্তিক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ লক্ষ্য করছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণ সময়মত অফিসে উপস্থিত হচ্ছেন না এবং অফিসের নির্ধারিত সময় শেষ হওয়ার পূর্বে প্রায়শই অফিস ত্যাগ করছেন। তাছাড়া দুপুরের খাবারের জন্যে নির্ধারিত বিরতি না থাকলেও অনেকেই এজন্যে একত্রে অফিস ত্যাগ করছেন এবং বিরতিতে গিয়ে দীর্ঘ সময় অফিসে অনুপস্থিত থাকছেন। এ অবস্থায় দাপ্তরিক কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে এবং বিভিন্ন অফিসে আগত সেবা প্রার্থীগণ সময়মত সেবা পাওয়ার ক্ষেত্রে ভোগান্তির শিকার হচ্ছেন, যা অফিস শৃঙ্খলার পরিপন্থী।

বর্ণিত পরিপ্রেক্ষিতে, অফিস খোলা থাকাকালীন নির্ধারিত সময়ে (সকাল ৮:৩০ টা হতে বেলা ৩:৩০ টা পর্যন্ত) অফিসে উপস্থিত হওয়া ও কর্তব্য কাজ শেষে অফিস ত্যাগের ক্ষেত্রে সময়ানুবর্তী হওয়ার জন্য আদিষ্ট হয়ে পুনরায় নির্দেশ প্রদান করা হলো।

এ বিশ্ববিদ্যালয়ের সকল অফিস প্রধান তাঁদের আওতাধীন জনবলের ক্ষেত্রে বিষয়টি নিশ্চিত করবেন।

উপর্যুক্ত বিষয়ে সকলের সহযোগিতা কামনা করছি।

  
 4.5.2026

(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)  
 রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
 চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল অনুষদের ডিন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ২। প্রভোস্ট, সকল হল/ওয়ার্ডেন, শিল্পী রশিদ চৌধুরী হোস্টেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৩। সভাপতি, সকল বিভাগ/পরিচালক, সকল ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্র, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল অফিস প্রধান (কলেজ পরিদর্শক, পরিচালক, আইকিউএসি; প্রক্টর; পরিচালক, ছাত্র-ছাত্রী পরামর্শ ও নির্দেশনা; পরিচালক, আইসিটি সেল; পরিচালক, চাকসু কেন্দ্র; গ্রন্থাগারিক; হিসাব নিয়ামক; পরীক্ষা নিয়ন্ত্রক; পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, পরিচালক, জাদুঘর; পরিচালক, গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর; পরিচালক, বিজ্ঞান ওয়ার্কশপ; প্রশাসক, পরিবহন দপ্তর; প্রশাসক, প্রেস; প্রশাসক, এস্টেট শাখা; প্রশাসক, প্রকৌশল দপ্তর; প্রশাসক, নিরাপত্তা দপ্তর; সমন্বয় কর্মকর্তা, বিএনসিসি; প্রধান প্রকৌশলী; পরিচালক, শারীরিক শিক্ষা বিভাগ; চিফ মেডিকেল অফিসার; খতিব, কেন্দ্রীয় জামে মসজিদ; অধ্যক্ষ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ; পরিচালক, চ.বি. কৃষি উন্নয়ন প্রকল্প; পরিচালক, ব্যুরো অব বিজনেস রিসার্চ, চ.বি.; কোষাধ্যক্ষ, চাকসু কেন্দ্র, পরিচালক, সমাজ বিজ্ঞান গবেষণা ইনস্টিটিউট, চ.বি.; পরিচালক, অফিস ফর ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স, চ.বি.; পরিচালক, মানসিক স্বাস্থ্য কেন্দ্র, চ.বি.; পরিচালক, নজরুল গবেষণা কেন্দ্র, চ.বি.; পরিচালক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ডে-কেয়ার সেন্টার, চ.বি।
- ৫। সকল ডেপুটি রেজিস্ট্রার/শাখা প্রধান, রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৬। সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার সমিতি/কর্মচারী সমিতি/কর্মচারী ইউনিয়ন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (স্ব স্ব সমিতি ও ইউনিয়নের সদস্যদের মাঝে বহল প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।

স্মারক নম্বর: জি-১২৩(বি-১৫)/সা. প্রশা./২০২৬/৫৬৭৮

তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
 ০৪ মে ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, আই.সি.টি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি আপলোড করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।
- ২। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৩। ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৪। সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

  
 08.5.2026

(মোহাম্মদ আল রিজোয়ানুল ইসলাম)  
 ডেপুটি রেজিস্ট্রার  
 জেনারেল শাখা, রেজিস্ট্রার অফিস, চ.বি।